**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
Website: rhd.portal.gov.bd



স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬(পার্ট-২)- ১০৭৬ তারিখঃ ১৯/০৮/২০২৬

## -: নিয়োগপত্র :-

সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণীর "সার্ভেয়ার" (গ্রেড-১৪) পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাদের নামের পার্শ্বে উল্লেখিত পদ ও বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) বর্ণিত শর্ত মোতাবেক অস্থায়ীভাবে নিয়োগ/পদায়ন করা হলো।

| ক্রমিক নং (মেধাক্রম অনুযায়ী) | প্রার্থীর রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | পদের নাম | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | পদায়নকৃত কার্যালয় এর নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | 11000136 | মোঃ নাজমুল হাসান<br>পিতাঃ মোঃ আবু ছাঈদ সেখ<br>মাতাঃ মোছাঃ নাজমা খাতুন<br>গ্রামঃ নওদা শৈলাবাড়ী<br>ডাকঘরঃ খোকশাবাড়ী-৬৭০০<br>থানা/উপজেলাঃ সিরাজগঞ্জ সদর<br>জেলাঃ সিরাজগঞ্জ। | সার্ভেয়ার | টাঃ ১০২০০-২৪৬৮০/- | সড়ক বিভাগ, বাগেরহাট। |
| ২. | 11000569 | মোঃ রাকিব হোসেন<br>পিতাঃ মোঃ ইউসুফ আলী<br>মাতাঃ রাজিয়া বেগম<br>গ্রামঃ পাঁচিল<br>ডাকঘরঃ হাট বয়ড়া-৬৭০০<br>থানা/উপজেলাঃ সিরাজগঞ্জ সদর<br>জেলাঃ সিরাজগঞ্জ। | সার্ভেয়ার | টাঃ ১০২০০-২৪৬৮০/- | সড়ক বিভাগ, পিরোজপুর। |
| ৩. | 11000966 | মোঃ আসাদুল্লাহ আল ইমরান<br>পিতাঃ মোঃ সাইফুল ইসলাম<br>মাতাঃ মোছাঃ আমিনা খাতুন<br>গ্রামঃ গজারিয়া<br>ডাকঘরঃ বাহকা-৬৭০০<br>থানা/উপজেলাঃ সিরাজগঞ্জ সদর<br>জেলাঃ সিরাজগঞ্জ। | সার্ভেয়ার | টাঃ ১০২০০-২৪৬৮০/- | পরিকল্পনা ও নক্সা বিভাগ, চট্টগ্রাম (সংযুক্তঃ এস্টেট ও আইন কর্মকর্তা এর কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম)। |

শর্তাবলীঃ

ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ২(দুই) বছরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবীশকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবীশকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে শিক্ষানবীশ থাকাকালীন সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার/তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/তাদের চাকুরির অবসান ঘটাতে পারবেন।

গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক দাখিলকৃত জীবন বৃত্তান্ত অসত্য প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সঠিক প্রমাণিত না হলে এবং ভবিষ্যতে গড়মিল পরিলক্ষিত হলে এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন গড়মিল পরিলক্ষিত হলে তাঁর/তাঁদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁর/তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের সংশ্লিষ্ট সনদপত্রসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সঠিক প্রমাণিত না হলে এবং ভবিষ্যতে গড়মিল পরিলক্ষিত হলে তাঁর/তাঁদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁর/তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ) উপানুচ্ছেদ 'ঙ ও চ' এর মাধ্যমে ব্যবস্থা গৃহীত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সড়ক ও জনপথ অধিদপ্তরের চাকুরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

জ) যোগদানের সময় নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা ও ডোপ টেষ্ট সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

ঝ) যোগদানের সময় সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক অনুলিপি দাখিল করতে হবে।

ঞ) চাকুরিতে তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী।

ট) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।

ঠ) চাকুরী হতে পদত্যাগ করতে চাইলে ন্যূনপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে। তা দিতে ব্যর্থ হলে ন্যূনপক্ষ ৩০(ত্রিশ) দিনের বেতন বা সমপরিমাণ যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

ড) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ঢ) যোগদানকৃত কর্মচারীদের স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে পুলিশি তদন্ত প্রতিবেদন ও শিক্ষা সনদ বোর্ড হতে যাচাইয়ান্তে অত্র দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো।

উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ৩১ আগস্ট, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদানপত্র দাখিল করার জন্য বলা হলো। উক্ত তারিখের পরে যোগদানপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
☏ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬(পার্ট-২)- ১০৭৬/১(১) তারিখঃ ১৭/০৮/২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলোঃ-

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, সওজ সংস্থাপন-১ শাখা)

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬(পার্ট-২)- ১০৭৩/২(১২) তারিখঃ ১৭/০৮/২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ..............................

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ..............................

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। নিয়োগপত্রটি RHD Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৬। নির্বাহী প্রকৌশলী, সওজ, ..............................

৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস্ অফিসার, ..............................

৮। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ..............................

৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা।

১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ..............................

১১। প্রধান সহকারী, প্রশাসন ও সংস্থাপন শাখা-২, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১২। জনাব ..............................

১৭/৮/২০২৬

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন

D:Dip-Eng:Appointment Let (Surveyor)-002-2026
(পলাশ)